

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
www.ecs.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ : ২৬ ফেব্রুয়ারি, ২০২৩/১৩ ফাল্গুন, ১৪২৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১১৯ এর দফা (১) এর উপ-দফা (গ) এবং জাতীয় সংসদের নির্বাচনি এলাকার সীমানা নির্ধারণ আইন, ২০২১ এর ধারা ৮ এর উপ-ধারা (১)(খ) অনুযায়ী জাতীয় সংসদ-সদস্যের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে এলাকাভিত্তিক নির্বাচনি এলাকাসমূহের সীমানা উপরোক্ত আইনের ধারা ৬ এর উপ-ধারা (২) অনুসারে প্রশাসনিক সুবিধা, আঞ্চলিক অখণ্ডতা এবং জনসংখ্যার বাস্তব বিভাজনকে যতদূর সম্ভব বিবেচনায় রাখিয়া প্রত্যেক নির্বাচনি এলাকার সীমানা পুনঃনির্ধারণ করিয়া ধারা ৬ এর উপ-ধারা (৩) অনুযায়ী নির্বাচন কমিশন এতদসঙ্গে একটি প্রাথমিক তালিকা প্রকাশ করিতেছে এবং তালিকাটি সম্পর্কে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার বাসিন্দাদের নিকট হইতে লিখিত দাবী/আপত্তি/সুপারিশ/মতামত আহবান করিতেছে।


০২। সীমানা পুনঃনির্ধারণে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হইয়াছেঃ

- (ক) প্রতিটি জেলার ২০১৮ সালে নির্ধারিত মোট আসন সংখ্যা অপরিবর্তিত রাখা;
- (খ) প্রশাসনিক ইউনিট বিশেষ করে উপজেলা এবং সিটি কর্পোরেশন ওয়ার্ডের যথাসম্ভব অখণ্ডতা বজায় রাখা;
- (গ) ইউনিয়ন পরিষদ বা পৌর এলাকার ওয়ার্ড একাধিক সংসদীয় আসনে বিভাজন না করা;
- (ঘ) যে সকল নতুন প্রশাসনিক এলাকা সৃষ্টি হয়েছে বা সম্প্রসারণ হয়েছে বা বিলুপ্ত হয়েছে তা অন্তর্ভুক্ত করা; এবং
- (ঙ) ভৌগোলিক বৈশিষ্ট্য ও যোগাযোগ ব্যবস্থা যথাযথ বিবেচনায় রাখা।

০৩। কোন সংক্ষুব্ধ বা স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি আগামী ১৯ মার্চ, ২০২৩ / ০৫ চৈত্র, ১৪২৯ তারিখের মধ্যে কোন আসনের পুনঃনির্ধারিত নির্বাচনি এলাকার বিষয়ে নির্বাচন কমিশন বরাবর তাঁহার লিখিত দাবী/আপত্তি/সুপারিশ/মতামত পেশ করিতে পারিবেন। তবে দাবী/আপত্তি/সুপারিশ/মতামত এই বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোন আসনের সীমানা সংক্রান্ত হইতে হইবে এবং দাবী/আপত্তি/সুপারিশ/মতামত সংক্রান্ত দরখাস্ত ৫(পাঁচ) প্রস্থ দাখিল করিতে হইবে। নির্ধারিত তারিখের পর কোন দাবী/আপত্তি/সুপারিশ/মতামত সংক্রান্ত দরখাস্ত গ্রহণ করা হইবে না।

০৪। নির্বাচন কমিশন সকল দাবী/আপত্তি/সুপারিশ/মতামত প্রকাশ্য শুনানীর মাধ্যমে নিষ্পত্তি করিবে। শুনানীর বিস্তারিত কর্মসূচী বিজ্ঞপ্তির মাধ্যমে যথা সময়ে জানানো হইবে।

০৫। সীমানা পুনঃনির্ধারণের বিস্তারিত তালিকা নির্বাচন কমিশনের ওয়েবসাইট- www.ecs.gov.bd এ পাওয়া যাবে।



এস এম আসাদুজ্জামান

পরিচালক (জস) ও যুগ্ম সচিব (সিসি)

ফোন নং- ০১৭১০৮২৪১৪৪